AME(CC7 DT(A))
06/11/2019.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

# জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নজরুল ইসলাম<br>সচিব |
| সভার তারিখ | ২৪ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ |
| সভার সময় | দুপুর ০২:০০ ঘটিকা |
| স্থান | ভবন নং-৭, কক্ষ নং ৮২১, বাংলাদেশ সচিবালয় |
| উপস্থিতি | ... |

**২. উপস্থাপনাঃ**

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১০টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনষ্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে ১৩৩৭.৮৯ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৫.৩২%। সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত ৬৬৮.৯৫ কোটি টাকা (৫০%) ছাড় করে ১১৩.৯৮ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ৮.৫২%। চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩. আলোচনা ও সিদ্ধান্তঃ**

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ<br><br>মেয়াদ: (১/০৯/১৮-৩০/৬/২০) | সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, প্রকল্পের কার্যক্রম দ্রুত চলছে। প্রকল্পের আওতায় নির্মিতব্য টোল প্লাজার ডিজাইন, ইন্টার সেকশন ডিজাইন ও প্রযুক্তিগত বিষয়াদিসহ বিস্তারিত তথ্য সম্বলিত একটি উপস্থাপনা করার জন্য পরামর্শ দেয়া হয়। সমাপ্ত করার জন্য এ অর্থবছরেই আরও ২১৯৯ কোটি টাকা প্রয়োজন হবে মর্মে উল্লেখ করা হয়। এ বরাদ্দ নিশ্চিত করার লক্ষ্যে ডি.ও. পত্রের মাধ্যমে পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগকে অনুরোধ করার সিদ্ধান্ত নেয়া হয়। এ বিষয়ে বিস্তারিত তথ্যসহ একটি প্রস্তাব এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | ক) প্রকল্পের আওতায় নির্মিতব্য টোল প্লাজার ডিজাইন, ইন্টার সেকশন প্রযুক্তিগত বিষয়াদিসহ বিস্তারিত তথ্য সম্বলিত একটি উপস্থাপনা করতে হবে;<br>খ) ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দকৃত ৯০০ কোটি টাকার অতিরিক্ত ২১৯৯ কোটি টাকা বরাদ্দের জন্য ডি.ও. পত্রের মাধ্যমে পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগকে অনুরোধ করা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যসহ একটি প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর ও ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ আলীকদম-জ্বালানীপাড়া-করুকপাতা-পোয়ামুহরী সড়ক নির্মাণ প্রকল্প | এ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে বলে জানানো হয়। প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়। | প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক |
| ৩.৩ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ<br><br>মেয়াদ: (১/১১/১৬-৩১/১২/১৯) | সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। আরডিপিপি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পরিকল্পনা কমিশনের প্রতিনিধিকে অনুরোধ করা হয়। | সংশোধিত ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পরিকল্পনা কমিশন'কে অনুরোধ করা হ'ল। | পরিকল্পনা কমিশন |
| ৩.৪ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন<br><br>মেয়াদ: (১/৪/১৭- ৩০/০৬/২০) | সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে কিন্তু অনুমোদন পত্র পাওয়া যায়নি মর্মে সেনাবাহিনীর প্রতিনিধি অবহিত করেন। পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে অনুমোদনের আদেশ সংগ্রহের জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করা হয়। | পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে অনুমোদন পত্র সংগ্রহ করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক |
| ৩.৫ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প<br><br>মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২০) | অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রস্তাব সওজ অধিদপ্তরের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। | অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রস্তাব সওজ অধিদপ্তরের মাধ্যমে প্রেরণ করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৬ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প<br>মেয়াদ: (১/৭/১৭- ৩১/১২/১৯) | প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত হবে বিধায় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পরামর্শ দিয়ে যথাসময়ে পিসিআর দাখিলের নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত হবে বিধায় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং যথাসময়ে পিসিআর দাখিল করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.৭ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়)<br><br>মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/২১) | প্রকল্পের ডিপিপি সংশোধনের কাজ চলমান। পার্বত্য অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার নিরীখে সড়ক নির্মাণ উপকরণের মূল্য নির্ধারণের বিষয়টি বিবেচনার জন্য সভায় অবহিত করা হয়। আলোচনায় এ সড়ক এলাইনমেন্টের সাথে সংশ্লিষ্ট এলজিইডির প্রায় ৫ কিলোমিটার সড়ক সওজ অধিদপ্তরে স্থানান্তরের প্রস্তাব যথারীতি এ বিভাগে প্রেরণের পরামর্শ দেয়া হয়। | ক) সংশোধনকৃত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণা গ্রহণ করতে হবে;<br>খ) এ সড়ক এলাইনমেন্টের সাথে সংশ্লিষ্ট এলজিইডির প্রায় ৫ কিলোমিটার সড়ক সওজ অধিদপ্তরে স্থানান্তরের প্রস্তাব যথারীতি এ বিভাগে প্রেরণ করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর |
| ৩.৮ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ<br><br>মেয়াদ: (১/৭/১৮- ৩১/১২/২০) | সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, প্রকল্পের বাস্তবায়ন কাজ চলছে। ডিএমটিসিএল-এর আওতাধীন এমআরটি লাইন-১ এর সংযোগ স্থাপনের বিষয়ে উভয় সংস্থা পর্যালোচনা করে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়। প্রকল্পের একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | ক) প্রকল্প এলাকার সাথে এমআরটি লাইন-১ এর সংযোগ স্থাপনের বিষয়ে উভয় সংস্থা পর্যালোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>খ) প্রকল্পের কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |

| | | | |
|---|---|---|---|
| ৩.৯ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ<br><br>মেয়াদ: (১/১/১৮- ৩১/১২/১৯) | প্রকল্পের ওপর স্টিয়ারিং কমিটির সভা হয়েছে। সংশোধিত ডিপিপি ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। গুরুত্বপূর্ণ এ প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। | সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী গুরুত্বপূর্ণ এ প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | সওজ অধিদপ্তর, ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.১০ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায়<br><br>মেয়াদ: (১/১২/১৮- ৩১/১২/২১) | নতুন এ প্রকল্পের অনুকূলে বরাদ্দের জন্য ২৯-০৯-২০১৯ তারিখ প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বরাদ্দের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়। | নতুন এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশন'কে অনুরোধ করা হ'ল। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক এবং পরিকল্পনা কমিশন |
| ৪.০ নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প | | | |
| ৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্থকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ | ০৫-০৫-২০১৯ তারিখে পিইসি সভা হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত এবং আগস্ট ২০১৯ মাসে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। | পিইসি সভার সিদ্ধান্ত এবং আগস্ট ২০১৯ মাসে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ | প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির কোন লিখিত ডকুমেন্ট না পাওয়া গেলে পরিকল্পনা কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | পরিকল্পনা কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড এবং এস্টেট উইং |
| ৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট) | পিইসি সভার সুপারিশের আলোকে প্রয়োজন অনুযায়ী আরো মহাসড়কাংশ অন্তর্ভূক্ত করে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়। | পিইসি সভার সুপারিশের আলোকে প্রয়োজন অনুযায়ী আরো মহাসড়কাংশ অন্তর্ভূক্ত করে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.৪ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ সংযোগ সড়ক নির্মাণ | পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়। | পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর ও ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৫. বিবিধ | বর্তমানে প্রকল্প ব্যবস্থাপনার অন্যতম হল iBAS++ এর দক্ষতা বৃদ্ধি। এ বিভাগাধীন অন্যান্য দপ্তর/সংস্থার ন্যায় বাংলাদেশ সেনাবাহিনীর কর্মকর্তাদেরকেও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য এ বিভাগ থেকে অর্থ বিভাগ'কে অনুরোধ করার জন্য পরামর্শ দেয়া হয়। | বর্তমানে প্রকল্প ব্যবস্থাপনার অন্যতম iBAS++ এর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগাধীন অন্যান্য দপ্তর/সংস্থার ন্যায় বাংলাদেশ সেনাবাহিনীর কর্মকর্তাদেরকেও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য এ বিভাগ থেকে অর্থ বিভাগ'কে অনুরোধ করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

৬. আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৪.১৯.৪৭০

তারিখ: ১৩ কার্তিক ১৪২৬
২৯ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) ই-ইনসি ইঞ্জিনিয়ার পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১১) যুগ্মসচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৩) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

দীপ জন মিত্র
সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব)